মিলিটারি কলেজিয়েট স্কুল খুলনা (এমসিএসকে)

ক্যাডেট ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ - ২০২৭

এমসিএসকে খুলনা শহর হতে ২৪ কিঃ মিঃ অদূরে প্রায় ১০৫ একর জমির উপর বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক স্থাপিত ও পরিচালিত জাতীয় শিক্ষা কার্যক্রম অনুযায়ী যশোর শিক্ষা বোর্ডের অধীনে প্রথম ইংরেজি ভার্সনের সম্পূর্ণ আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান। ঐতিহ্যবাহী এই শিক্ষা প্রতিষ্ঠানে ক্যাডেট কলেজ সমূহের আদলে সামরিক কর্মকর্তাদের প্রত্যক্ষ তত্ত্বাবধানে ক্যাডেটদেরকে শারীরিকভাবে সুস্থ - সবল, নৈতিক গুণাবলী ও নেতৃত্বের প্রশিক্ষণের মাধ্যমে ভবিষ্যতের যোগ্য নাগরিক হিসেবে গড়ে তোলা হয়। পড়াশুনার পাশাপাশি নিয়মিত সহশিক্ষা কার্যক্রমে অংশগ্রহণ, খেলাধুলা ও সাঁতার প্রশিক্ষণ, ইংরেজিতে কথোপকথন দক্ষতা এবং জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ সৃষ্টির মাধ্যমে একজন ক্যাডেটকে চৌকস ও আত্মনির্ভরশীল নাগরিক হিসেবে গড়ে তোলা হয়। উল্লেখ্য, এমসিএসকের ক্যাডেটদের সরাসরি আইএসএসবিতে অংশগ্রহণের সুযোগ রয়েছে।

ভর্তি সংক্রান্ত তথ্য

পরীক্ষার কেন্দ্র	শ্রেণি	পরীক্ষার তারিখ			লিখিত পরীক্ষার বিষয়াবলী, নম্বর ও সময়	যোগ্যতা	বয়স	উচ্চতা	ওজন
		লিখিত	মৌখিক	স্বাস্থ্য এবং মনোস্তাত্ত্বিক পরীক্ষা					
প্রবেশপত্রে উল্লেখ থাকবে	৭ম (বয়েজ ও গার্লস ক্যাডেট)	০২ জানুয়ারী ২০২৭, শনিবার সকাল ১০০০-১২০০	এমসিএসকে'র ওয়েব সাইটে পরবর্তীতে জানানো হবে। (লিখিত পরীক্ষায় উত্তীর্ণ সীমিত সংখ্যক প্রার্থীকে মৌখিক ও স্বাস্থ্য পরীক্ষায় অংশগ্রহনের জন্য আহ্বান করা হবে।)		সর্বমোট ২০০ নম্বর ১। বাংলা (৫০) ২। ইংরেজি (৫০) ৩। গণিত (৫০) ৪। সাধারণ জ্ঞান ও আইকিউ (৫০) সময়: ২ ঘণ্টা	১। বাংলাদেশি নাগরিক হতে হবে। ২। ৬ষ্ঠ শ্রেণি ও সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ৩। শারীরিক ও মানসিকভাবে সুস্থ হতে হবে।	০১/০১/২৭ তারিখে সর্বোচ্চ ১৩ বছর ০৬ মাস	সর্বনিম্ন ৪-৮″ /৫৬ ইঞ্চি (বালক ও বালিকা উভয়ের জন্য)	স্ট্যান্ডার্ড মেডিকেল চার্টে উল্লিখিত বয়স ও উচ্চতা অনুযায়ী

সিলেবাস সিলেবাস **www.mcsk.edu.bd** ওয়েব সাইটে পাওয়া যাবে।

পরীক্ষার মাধ্যম বাংলা/ইংরেজি যেকোন একটি মাধ্যমে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে।

দৃষ্টি শক্তি

দৃষ্টিমান চশমাবিহীন	চশমাসহ	মন্তব্য
এক চক্ষুতেঃ ৬/১২ অন্য চক্ষুতেঃ ৬/১৮	উভয় চক্ষুতেঃ ৬/৬	চশমার পাওয়ার কোন চক্ষুতেই (-) 2D এর অধিক হবেনা। এ্যাসটিগম্যাটিজম এর ক্ষেত্রে Spherical Equivalent হিসাব করতে হবে।

অযোগ্যতা

১। লিখিত, মৌখিক ও স্বাস্থ্যগত পরীক্ষার যে কোন একটিতে অকৃতকার্য হলে।
২। গ্রস নক নী (Gross Knock Knee), ফ্লাট ফুট (Flat Foot), কালার ব্লাইন্ড (Colour Blind), অতিরিক্ত ওজন (Over Weight) ও ভেরিকস ভেইন (Varicose vein)।
৩। এ্যাজমা (Asthma), মৃগী (Epilepsy), হৃদরোগ (Heart Disease), বাত (Arthritis), বাতজ্বর (Rheumatic Fever), যক্ষ্মা (Tuberculosis), পুরাতন আমাশয় (Chronic Dysentery), হেপাটাইটিস (Hepatitis), ডিওডেনাল আলসার (Duodenal Ulcer), রাতকানা (Night Blindness), যে কোন প্রকার ডায়াবেটিস (Diabetes), হেমোফাইলিয়া (Haemophilia), অতিমাত্রার এ্যালার্জি (Severe Allergy), শারীরিক অক্ষমতা (Physical Disability), মানসিক ও শারীরিক সমস্যা (Mental/Physical Problem), বয়স কম/বেশি (Over/Under Ages), অধিক মাত্রায় আঞ্চলিক ভাষার সমস্যা (Severe Local Accent), শৃঙ্খলাজনিত কারনে শিক্ষা প্রতিষ্ঠান থেকে বহিষ্কার (Withdrawal from any School on Discipline Ground), বিছানায় প্রস্রাব করা ইত্যাদি রোগে আক্রান্ত।
৪। স্বাস্থ্য পরীক্ষা পর্ষদ কর্তৃক চিহ্নিত অন্যান্য কারণ।
৫। এমসিএসকেতে ভর্তি ও যোগদানের পরবর্তী সময়ে উপরিউক্ত রোগসহ অন্য যেকোন অসুখ বা হাউজে থাকার ক্ষেত্রে যদি অনুপযুক্ত বিবেচিত হয় তবে উক্ত ক্যাডেটকে প্রতিষ্ঠান হতে ছাড়পত্র প্রদান করা হবে।

অনলাইনে ভর্তি আবেদনের সময়সূচি

১লা নভেম্বর ২০২৬ তারিখ সকাল ০৮০০ ঘটিকা থেকে ২৯ ডিসেম্বর ২০২৬ তারিখ রাত ১২০০ ঘটিকা পর্যন্ত

www.mcsk.edu.bd ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে আবেদন করতে পারবেন।

অনলাইনে আবেদন করার অত্যাবশ্যকীয় কাগজপত্র

১। পাসপোর্ট সাইজের ছবি (সাইজ-৩০০×৩০০ পিক্সেল এবং সর্বোচ্চ ১০০ কিলোবাইট - JPEG)।
২। পরীক্ষার্থীর স্বাক্ষর (সাইজ-৩০০×১০০ পিক্সেল এবং সবোর্চ্চ ৭০ কিলোবাইট - JPEG)।
৩। জন্ম নিবন্ধন সনদপত্র (সর্বোচ্চ ৪০০ কিলোবাইট - JPEG)।
৪। প্রধান শিক্ষক কর্তৃক ৬ষ্ঠ অথবা সমমানের (যেকোনো মাধ্যম) পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার সাল এবং রোল নম্বর উল্লেখপূর্বক সনদপত্র। পরীক্ষার ফলাফল প্রকাশিত না হয়ে থাকলে প্রধান শিক্ষক কর্তৃক এই মর্মে সনদ প্রদান করতে হবে যে, '(নাম..... রোল নং..... অত্র স্কুলে ৬ষ্ঠ শ্রেণি/সমমানের বার্ষিক পরীক্ষায় (বাংলা/ইংরেজি) ..... মাধ্যম/ভার্সন-এ অংশগ্রহণ করেছে এবং পরীক্ষায় কৃতকার্য হবে)' (সর্বোচ্চ ৪০০ কিলোবাইট - JPEG)।

ভর্তি পরীক্ষার ফি প্রদানের পদ্ধতি

অনলাইনে আবেদনকারীকে সকল মোবাইল ব্যাংকিং, ইন্টারনেট ব্যাংকিং, ডেবিট ও ক্রেডিট কার্ড এবং ওয়ালেটের মাধ্যমে **২৫০০ (দুই হাজার পাঁচশত)** টাকা ফি(অফেরতযোগ্য) জমাদান নিশ্চিত করে অনলাইনের আবেদন ফরম নিবন্ধন সম্পন্ন করতে হবে। আবেদনপত্র ফি ২৫০০/- সঠিকভাবে জমা দেওয়ার পরেই আবেদনটি গৃহীত হবে। সঠিকভাবে আবেদন ফি জমা না হলে আবেদন ফরম পূরণ ও প্রবেশপত্র প্রিন্ট করা যাবে না।

অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

প্রবেশপত্র সংগ্রহ সফলভাবে আবেদন সম্পন্ন হওয়ার পর ৩০ ডিসেম্বর ২০২৬ সকাল ০৮০০ ঘটিকা থেকে ০১ জানুয়ারী ২০২৭ রাত ১২০০ ঘটিকা পর্যন্ত প্রবেশপত্র প্রিন্ট/ডাউনলোড করতে পারবেন। **Tracking** এবং প্রদত্ত **Mobile Number** এর মাধ্যমে **Submit** বাটনে ক্লিক করে প্রবেশপত্র (**Admit Card**) প্রিন্ট/ডাউনলোড করতে পারবেন।

E-booth Outlet এর মাধ্যমে আবেদন

প্রার্থী এবং অভিভাবকবৃন্দের সুবিধার্থে অনলাইনে আবেদন ফর্ম পূরণের জন্য এমসিএসকের ১ নং গেটে একটি "**E- booth Outlet**" থাকবে। "**E- booth Outlet**" - এ আবেদন করা, ফি জমা দেয়া এবং প্রবেশপত্র প্রিন্টের ব্যবস্থা থাকবে। "**E- booth Outlet**" ১৫ ডিসেম্বর ২০২৬ তারিখ হতে ২৯ ডিসেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত প্রতিদিন (শুক্রবার ও সরকারি ছুটির দিন ব্যতীত) সকাল ০৮০০ ঘটিকা থেকে বিকাল ১৪০০ ঘটিকা পর্যন্ত খোলা থাকবে।

বিশেষ দ্রষ্টব্য: অনিবার্য কারণবশত উল্লিখিত লিখিত পরীক্ষার তারিখ পুন:নির্ধারিত হলে, সকলকে SMS এবং Website এর মাধ্যমে অবগত করা হবে।

ভর্তি সংক্রান্ত যোগাযোগ ঃ ০১৭৬৯৫৬৪০৮০, ০১৭৬৯৫৬৪০৮১ । যোগাযোগের নম্বর ০২ জানুয়ারী ২০২৭ তারিখ পর্যন্ত (সরকারী ছুটির দিন ব্যতীত) সকাল ০৮০০ ঘটিকা থেকে বিকাল ১৭০০ ঘটিকা পর্যন্ত সচল থাকবে।